Ramakrishna Mission Ashrama Jalpaiguri

Guidelines for Residential Youth Camp for Boys

3-Day Residential Youth Camp on Value Education & Character Building

Theme: Man-Making, Character-Building, and Nation-Building

Venue: Ananda Chandra Training College (A.C. Training College), Jalpaiguri, West Bengal

About the Camp:
Inspired by the teachings of Youth Icon, Swami Vivekananda, this 3-day residential camp brings together dedicated youth to reflect, deliberate, and cultivate self-mastery, leadership, and ethical citizenship. Through interactive sessions, guided discussions, and purposeful living, participants will gain clarity on their life's ultimate purpose and personal ideals.

Highlights

- Meditation
- Yogasanas
- Devotional Music
- Swami Vivekananda's Message of **Self-Confidence, Leadership & Character Building**
- Indian Cultural Values
- Group Discussions
- Interaction with Experts
- Question & Answer Sessions
- Film show
- Sports activities
- Reflective Learning in the serene atmosphere
- Opportunity to spend three inspiring days in the campus and learn new things

Resource Persons: Monastics and lay dignitaries

Language of Discourses: Bengali

Rules and Regulations

- **Eligibility & Admission:** This youth camp is organized exclusively for men aged **18 to 30 years**.

- **Mandatory Camp Attire:** Participants are required to wear a white Dhuti/Pyjama–Punjabi during all camp functions. Each participant should bring two sets of this attire, along with adequate winter clothing for personal comfort. The prescribed dress code shall be followed throughout the camp functions. Kindly avoid wearing T-shirts, Jeans, half-pants (shorts) during the camp.

- **Required Documentation:** A digital photograph and a valid ID card (specifically an Aadhaar Card) must be submitted along with the final application form.

- **Travel Information Requirement: After completing the registration process, each participant is requested to send a separate e-mail to rkmajevents@gmail.com, providing the complete travel itinerary, including both onward and return journey details, along with the expected date, time, and place of arrival and departure. This information should be communicated well in advance to facilitate necessary arrangements.**

- **Capacity Guidelines:** The camp is expecting a turnout of approximately 250 youth representing various places across West Bengal. The seats will be filled on **'first-come-first-serve'** basis.

- **Medical Condition:** Candidates must be physically and mentally fit to participate in all camp activities. Persons suffering from major illnesses or contagious diseases should refrain from applying.

- **Accommodation & Fooding:** All the candidates will be accommodated in dormitories (common-toilet) and will be served simple food.

Camp Schedule & Travel Guidelines

Event Stage	Date	Timing	Remarks
Arrival	**Day 1 16 Jan 2027**	**Early morning onwards**	Participants arriving early by long-distance trains may report. Accommodation and meals will be provided.
Reporting & Registration	**Day 1 16 Jan 2027**	**On Arrival**	Registration, allotment of accommodation, distribution of camp kit, and instruction session.
Camp Programme	**Day 2, 3 & 4 17 to 19 Jan 2027**	**Full-day Residential Sessions**	Participation in all sessions, workshops, discussions, cultural programmes, valedictory session and other scheduled activities is compulsory.
Departure	**Day 5 20 Jan 2027**	**Early morning onwards**	Participants may plan their return journey according to train schedules.

Important Instructions for Participants

* What to Bring: Modest traditional/formal attire, sufficient winter garments, personal toiletries, a notebook and pen, and a valid photo ID card. Kindly avoid bringing valuable articles for security purpose other than mobile.

* Commitment to the Program: Since this is an intensive residential experience, participants are expected to attend whole-day sessions, prayer/reflection hours, and group activities punctually.

Registration & Contribution

To ensure committed and active participation, a nominal registration delegate fee is applicable.

* Delegate Fee: **₹ 300/-** (Includes lodging, all meals, complimentary gifts & certificates)

* Mode of Payment: Online Transfer / Net Banking / UPI

Bank Account Details:
* Account Name: Ramakrishna Mission Ashrama Jalpaiguri
* Bank Name: State Bank of India
* Account Number: 11188188101
* IFSC Code: SBIN0000095

Venue Location & Contact Information
* Location: Ananda Chandra Training College (A.C. Training College), Club Road (Opposite BSNL Office), Jalpaiguri, West Bengal – 735101.
* Google Maps Link: **https://maps.app.goo.gl/ep1JydxinsS6NQsL8**
* Contact persons: +91 8116740102 (Shreyan), +91 8145801303 (Asim), +91 8839043429 (Ashutosh)
* Email: rkmajevents@gmail.com

Travel & Communication Guide (Reaching Jalpaiguri)
1. **From South Bengal (Kolkata/Howrah/Sealdah/Malda)**
Participants traveling from Kolkata and surrounding southern districts can reach New Jalpaiguri (NJP) or Jalpaiguri Road (JPE) stations via the following major trains:

Train Name	Train No.	Departure Station	Arrival Station	Approx. Journey
Vande Bharat Express	22301	Howrah (HWH)	New Jalpaiguri (NJP)	Day Journey (Morning Departure – Afternoon Arrival)
Darjeeling Mail	12343	Sealdah (SDAH)	Jalpaiguri	Overnight (Night Departure – Morning Arrival)
Padatik Express	12377	Sealdah (SDAH)	Jalpaiguri Road/ New Jalpaiguri (NJP)	Overnight (Night Departure – Morning Arrival)
Teesta Torsha Express	13141	Sealdah (SDAH)	Jalpaiguri Road / NJP	Afternoon Departure – Morning Arrival
Shatabdi Express	12041	Howrah (HWH)	New Jalpaiguri (NJP)	Day Journey
Haldibari Intercity Express	12363	Kolkata (KOAA)	Jalpaiguri (JPG)	Day Journey

2. **From North Bengal (Alipurduar, Cooch Behar etc.)**
Participants coming from northern and eastern districts can utilize frequent intercity and express connections:

Train Name	Departure Region	Arrival Station	Frequency
Kanchankanya Express	Alipurduar	New Jalpaiguri (NJP)	Daily
Teesta Torsha Express	Cooch Behar / Alipurduar	Jalpaiguri Road	Daily

3. **Road Directions & Local Connectivity**

*** From NJP Station to Jalpaiguri Town (Approx. 40 km):**
* By Bus: Take a shared auto or rickshaw from NJP station to the Siliguri Bus Stand (Tenzing Norgay Bus Terminus). From there, North Bengal State Transport Corporation (NBSTC) and private buses run frequently to Jalpaiguri Town. From there E-richshaws available to the venue directly (10/15 mins).

* By Taxi: Pre-paid taxis and shared cabs are available directly from the NJP station taxi stand to Jalpaiguri Town.

*** From Jalpaiguri Road Station (JPE) (7 km):**

* This station is located very close to Jalpaiguri town. E-rickshaws (Totos) and auto-rickshaws are readily available outside the station to reach the venue (approx. 15/20 mins).

*** From Jalpaiguri Town Station (JPG) (1 km):**

* Located directly inside the town. Local transport (Totos/rickshaws) is easily accessible right at the exit to the venue (approx. 5/10 mins).

* **Direct Bus Facilities:**

* State-run NBSTC buses and private overnight Volvo/sleeper buses connect Kolkata (Esplanade/Karunamoyee) directly to Siliguri and Jalpaiguri.

Distance from Venue

NJP Railway Station – 40 km
Jalpaiguri Road Station – 7 km
Jalpaiguri Town Station – 2 km
Kadamtala Bus Stand – 1 km

রামকৃষ্ণ মিশন আশ্রম, জলপাইগুড়ি

আবাসিক যুব শিবিরের নির্দেশিকা

মূল্যবোধভিত্তিক শিক্ষা ও চরিত্র গঠন বিষয়ক তিন দিনব্যাপী আবাসিক যুব শিবির

মূল প্রতিপাদ্য:
মানুষ গঠন, চরিত্র গঠন ও জাতি গঠন
স্থান: আনন্দচন্দ্র ট্রেনিং কলেজ (এ. সি. ট্রেনিং কলেজ), জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ

শিবির সম্পর্কে
যুবসমাজের প্রেরণার উৎস স্বামী বিবেকানন্দের জীবন ও বাণীতে উদ্বুদ্ধ হয়ে এই তিন দিনব্যাপী আবাসিক যুব শিবিরের আয়োজন করা হয়েছে। জীবনের উচ্চতর আদর্শ অনুসরণ করে আত্মনিয়ন্ত্রণ, নেতৃত্বের গুণাবলি, নৈতিক মূল্যবোধ এবং দায়িত্বশীল নাগরিকত্বের চেতনা বিকাশে আগ্রহী যুবকদের জন্য এই শিবির একটি অনন্য সাধনা ও শিক্ষার ক্ষেত্র।
ধ্যান, চিন্তন, পারস্পরিক মতবিনিময়, বিশেষজ্ঞদের দিকনির্দেশনা এবং সুশৃঙ্খল আবাসিক জীবনযাপনের মাধ্যমে অংশগ্রহণকারীরা জীবনের লক্ষ্য, আদর্শ ও কর্তব্য সম্পর্কে সুস্পষ্ট উপলব্ধি অর্জনের সুযোগ পাবেন।

শিবিরের প্রধান আকর্ষণ
- ধ্যান
- যোগাসন
- ভক্তিমূলক সঙ্গীত
- **স্বামী বিবেকানন্দের আত্মবিশ্বাস, নেতৃত্ব ও চরিত্র গঠন বিষয়ক প্রেরণাদায়ক বাণী**
- ভারতীয় সংস্কৃতি ও জীবনবোধ
- দলীয় আলোচনা
- বিশেষজ্ঞদের সঙ্গে মতবিনিময়
- প্রশ্নোত্তর পর্ব
- শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনী
- ক্রীড়া ও শরীরচর্চামূলক কার্যক্রম
- শান্ত, স্নিগ্ধ ও মননশীল পরিবেশে শিক্ষণ ও আত্মবিকাশের সুযোগ
- শান্ত-পরিবেশে তিন দিন অতিবাহিত করে নতুন জ্ঞান, অনুপ্রেরণা ও জীবনদৃষ্টির বিকাশের সুযোগ

আলোচকবৃন্দ
রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসীবৃন্দ এবং বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট শিক্ষাবিদ, চিন্তাবিদ ও অন্যান্য গুণীজন

বক্তৃতার ভাষা: বাংলা

নিয়মাবলি ও নির্দেশাবলি

- **যোগ্যতা ও ভর্তির শর্ত:** এই আবাসিক যুব শিবিরে **১৮ থেকে ৩০ বছর** বয়সী যুবকদের অংশগ্রহণের সুযোগ রয়েছে।
- **শিবিরের নির্ধারিত পোশাক:** শিবিরের সকল কর্মসূচিতে অংশগ্রহণের সময় প্রত্যেক অংশগ্রহণকারীকে **সাদা ধুতি / পায়জামা-পাঞ্জাবি** পরিধান করতে হবে। এজন্য প্রত্যেককে **দুই জোড়া সাদা ধুতি / পায়জামা-পাঞ্জাবি** এবং ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী পর্যাপ্ত **শীতবস্ত্র** সঙ্গে আনতে হবে। শিবিরের সমগ্র সময় নির্ধারিত পোশাকবিধি যথাযথভাবে অনুসরণ করা প্রত্যাশিত।
- **প্রয়োজনীয় নথিপত্র:** পূরণকৃত আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর একটি সাম্প্রতিক ডিজিটাল আলোকচিত্র এবং একটি বৈধ পরিচয়পত্র (বিশেষত **আধার কার্ড**) জমা দিতে হবে।
- **যাতায়াত সংক্রান্ত তথ্য: নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর প্রত্যেক অংশগ্রহণকারীকে অনুগ্রহপূর্বক পৃথকভাবে rkmajevents@gmail.com ই-মেল ঠিকানায় তাঁর সম্পূর্ণ যাত্রা-পরিকল্পনা, আগমন ও প্রস্থানের সম্ভাব্য তারিখ, সময় এবং স্থান উল্লেখপূর্বক একটি পৃথক ই-মেল প্রেরণ করতে হবে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে উক্ত তথ্য যথাসময়ে, অগ্রিম জানানো একান্তভাবে প্রয়োজন।**
- **আসন সংখ্যা:** পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় **২৫০ জন** যুবকের অংশগ্রহণের পরিকল্পনা রয়েছে। আসন বরাদ্দ **"আগে এলে আগে সুযোগ"** (First Come, First Served) নীতির ভিত্তিতে করা হবে।
- **শারীরিক ও মানসিক সক্ষমতা:** শিবিরের সকল কর্মসূচিতে অংশগ্রহণের উদ্দেশ্যে আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সক্ষম হওয়া বাঞ্ছনীয়। গুরুতর রোগে আক্রান্ত অথবা সংক্রামক ব্যাধিতে ভুগছেন—এমন ব্যক্তিদের আবেদন করা থেকে বিরত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ করা হচ্ছে।
- **আবাসন ও আহারের ব্যবস্থা:** সকল অংশগ্রহণকারীর জন্য ডরমিটরি (যৌথ শৌচাগার-সংবলিত) আবাসনের ব্যবস্থা থাকবে এবং তাঁদের জন্য সরল ও সাত্ত্বিক আহারের ব্যবস্থা করা হবে।

শিবিরের সময়সূচি ও যাতায়াত সংক্রান্ত নির্দেশিকা

পর্যায়	তারিখ	সময়	বিবরণ
আগমন	**প্রথম দিন ১৬ জানুয়ারি ২০২৭**	**ভোর থেকে**	দূরপাল্লার ট্রেনে আগত অংশগ্রহণকারীরা ভোর থেকে শিবিরে উপস্থিত হতে পারবেন। তাঁদের জন্য আবাসন ও আহারের ব্যবস্থা থাকবে।
রিপোর্টিং ও নিবন্ধন	**প্রথম দিন ১৬ জানুয়ারি ২০২৭**	**আগমনের সঙ্গে সঙ্গে**	নিবন্ধন, আবাসন বরাদ্দ, শিবির-সামগ্রী (Camp Kit) বিতরণ এবং প্রারম্ভিক নির্দেশনা প্রদান।
শিবিরের মূল কার্যক্রম	**দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ দিন ১৭–১৯ জানুয়ারি ২০২৭**	**সারাদিনব্যাপী আবাসিক কর্মসূচি**	সকল অধিবেশন, কর্মশালা, আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান, সমাপনী অধিবেশন এবং অন্যান্য নির্ধারিত কর্মসূচিতে অংশগ্রহণ **বাধ্যতামূলক।**
প্রত্যাবর্তন	**পঞ্চম দিন ২০ জানুয়ারি ২০২৭**	**ভোর থেকে**	অংশগ্রহণকারীরা তাঁদের ট্রেনের সময়সূচি অনুযায়ী প্রত্যাবর্তনের পরিকল্পনা করতে পারবেন।

অংশগ্রহণকারীদের জন্য গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

• **সঙ্গে যা আনবেন:** শালীন ঐতিহ্যবাহী/আনুষ্ঠানিক পোশাক, প্রয়োজনীয় শীতবস্ত্র, ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী (টয়লেট্রিজ), একটি নোটবই, একটি কলম এবং একটি বৈধ ফটো-পরিচয়পত্র সঙ্গে আনতে হবে। নিরাপত্তার স্বার্থে মোবাইল ফোন ব্যতীত অন্য কোনো মূল্যবান সামগ্রী সঙ্গে না আনাই বাঞ্ছনীয়।

• **শিবিরে পূর্ণাঙ্গ অংশগ্রহণ:** এটি একটি নিবিড় আবাসিক প্রশিক্ষণমূলক শিবির। তাই প্রত্যেক অংশগ্রহণকারীর নিকট প্রত্যাশিত যে, তিনি সময়ানুবর্তিতার সঙ্গে সারাদিনব্যাপী সকল অধিবেশন, প্রার্থনা ও ভাবচিন্তনের পর্ব এবং দলীয় কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ করবেন।

নিবন্ধন ও অনুদান

শিবিরে আন্তরিক, সক্রিয় ও দায়িত্বশীল অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে একটি **নামমাত্র প্রতিনিধি-নিবন্ধন অনুদান** ধার্য করা হয়েছে।

• **নিবন্ধন ফি: ₹ ৩০০/-**

(এর অন্তর্ভুক্ত থাকবে আবাসন, সকল আহার, স্মারক উপহার এবং অংশগ্রহণের শংসাপত্র।)

• **অর্থপ্রদানের মাধ্যম:**

অনলাইন ট্রান্সফার / নেট ব্যাংকিং / ইউপিআই (UPI)

ব্যাংক অ্যাকাউন্টের তথ্য

• **অ্যাকাউন্টের নাম:** Ramakrishna Mission Ashrama Jalpaiguri

• **ব্যাংকের নাম:** State Bank of India

• **অ্যাকাউন্ট নম্বর:** 11188188101

• **IFSC কোড:** SBIN0000095

শিবিরের স্থান ও যোগাযোগের তথ্য

• **স্থান:** আনন্দচন্দ্র ট্রেনিং কলেজ (এ. সি. ট্রেনিং কলেজ),
ক্লাব রোড (বিএসএনএল অফিসের বিপরীতে),
জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ – ৭৩৫১০১।

• **গুগল ম্যাপস:** https://maps.app.goo.gl/ep1JydxinsS6NQsL8

• **যোগাযোগ:** শ্রেয়ান : +৯১ ৮১১৬৭৪০১০২, অসীম : +৯১ ৮১৪৫৮০১৩০৩, আশুতোষ : +৯১ ৮৮৩৯০৪৩৪২৯

• **ই-মেল:** rkmajevents@gmail.com

জলপাইগুড়িতে পৌঁছানোর যাতায়াত নির্দেশিকা

১. দক্ষিণবঙ্গ (কলকাতা/হাওড়া/শিয়ালদহ/মালদা) থেকে

কলকাতা এবং দক্ষিণবঙ্গের পার্শ্ববর্তী জেলা থেকে আগত অংশগ্রহণকারীরা নিম্নলিখিত প্রধান ট্রেনগুলির মাধ্যমে **নিউ জলপাইগুড়ি (NJP)** অথবা **জলপাইগুড়ি রোড (JPE)** স্টেশনে পৌঁছাতে পারবেন।

ট্রেনের নাম	ট্রেন নং	যাত্রা শুরুর স্টেশন	গন্তব্য স্টেশন	আনুমানিক যাত্রার সময়সূচি
Vande Bharat Express	22301	হাওড়া (HWH)	নিউ জলপাইগুড়ি (NJP)	দিবাকালীন যাত্রা (সকালে যাত্রা শুরু – বিকেলে পৌঁছানো)
Darjeeling Mail	12343	শিয়ালদহ (SDAH)	জলপাইগুড়ি	রাত্রিকালীন যাত্রা (রাতে যাত্রা শুরু – সকালে পৌঁছানো)
Padatik Express	12377	শিয়ালদহ (SDAH)	নিউ জলপাইগুড়ি (NJP)	রাত্রিকালীন যাত্রা (রাতে যাত্রা শুরু – সকালে পৌঁছানো)
Teesta Torsha Express	13141	শিয়ালদহ (SDAH)	জলপাইগুড়ি রোড (JPE) / নিউ জলপাইগুড়ি (NJP)	বিকেলে যাত্রা শুরু – পরদিন সকালে পৌঁছানো

Shatabdi Express	12041	হাওড়া (HWH)	নিউ জলপাইগুড়ি (NJP)	দিবাকালীন যাত্রা
Haldibari Intercity Express	12363	কলকাতা (KOAA)	জলপাইগুড়ি (JPG)	দিবাকালীন যাত্রা

২. উত্তরবঙ্গ (আলিপুরদুয়ার, কোচবিহার প্রভৃতি জেলা) থেকে

উত্তরবঙ্গের উত্তর ও পূর্বাঞ্চলের বিভিন্ন জেলা থেকে আগত অংশগ্রহণকারীরা নিম্নলিখিত **ইন্টারসিটি** ও **এক্সপ্রেস** ট্রেন পরিষেবার মাধ্যমে সহজেই জলপাইগুড়িতে পৌঁছাতে পারবেন।

ট্রেনের নাম	যাত্রা শুরুর স্থান	গন্তব্য স্টেশন	পরিষেবার নিয়মিততা
Kanchankanya Express	আলিপুরদুয়ার	নিউ জলপাইগুড়ি (NJP)	প্রতিদিন
Teesta Torsha Express	কোচবিহার / আলিপুরদুয়ার	জলপাইগুড়ি রোড (JPE)	প্রতিদিন

৩. সড়কপথে যাতায়াত ও স্থানীয় যোগাযোগ ব্যবস্থা

• নিউ জলপাইগুড়ি (NJP) রেলস্টেশন থেকে জলপাইগুড়ি শহর (প্রায় ৪০ কিমি)

বাসে:

নিউ জলপাইগুড়ি (NJP) রেলস্টেশন থেকে শেয়ার অটো বা রিকশাযোগে শিলিগুড়ি বাস টার্মিনাস (তেনজিং নোরগে বাস টার্মিনাস)-এ পৌঁছানো যায়। সেখান থেকে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম (NBSTC) এবং বেসরকারি বাসের মাধ্যমে নিয়মিতভাবে জলপাইগুড়ি শহরে আসা যায়। জলপাইগুড়ি থেকে ই-রিকশাযোগে প্রায় **১০–১৫ মিনিটে** শিবিরস্থলে পৌঁছানো সম্ভব।

ট্যাক্সিতে:

নিউ জলপাইগুড়ি (NJP) রেলস্টেশনের প্রিপেইড ট্যাক্সি স্ট্যান্ড থেকে সরাসরি প্রিপেইড ট্যাক্সি অথবা শেয়ার ক্যাবযোগে জলপাইগুড়ি শহরে আসা যায়।

• জলপাইগুড়ি রোড (JPE) রেলস্টেশন থেকে (প্রায় ৭ কিমি)

এই রেলস্টেশনটি জলপাইগুড়ি শহরের নিকটবর্তী। স্টেশন চত্বরের বাইরে সহজলভ্য ই-রিকশা (টোটো) এবং অটোরিকশাযোগে প্রায় **১৫–২০ মিনিটে** শিবিরস্থলে পৌঁছানো যায়।

• জলপাইগুড়ি (JPG) রেলস্টেশন থেকে (প্রায় ২ কিমি)

জলপাইগুড়ি শহরের অভ্যন্তরে অবস্থিত এই রেলস্টেশন থেকে স্টেশনের বাইরে সহজেই টোটো ও রিকশা পাওয়া যায়। এসব স্থানীয় যানবাহনের মাধ্যমে প্রায় **৫–১০ মিনিটে** শিবিরস্থলে পৌঁছানো সম্ভব।

• সরাসরি বাস পরিষেবা

কলকাতার **এসপ্ল্যানেড** এবং **করুণাময়ী** বাস টার্মিনাস থেকে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম (NBSTC)-এর নিয়মিত বাস এবং বেসরকারি রাত্রিকালীন **ভলভো** ও **স্লিপার** বাসের মাধ্যমে সরাসরি শিলিগুড়ি ও জলপাইগুড়িতে পৌঁছানো যায়।

অনুষ্ঠানস্থল থেকে দূরত্ব
এনজেপি (NJP) রেলওয়ে স্টেশন – ৪০ কিমি
জলপাইগুড়ি রোড স্টেশন – ৭ কিমি
জলপাইগুড়ি টাউন স্টেশন – ২ কিমি
কদমতলা বাস স্ট্যান্ড – ১ কিমি